অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/22/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল চরম আবহাওয়া সচেতনতা সপ্তাহ চলাকালে নিউ ইয়র্কবাসীকে তাদের গৃহস্থালি প্রস্তুত করতে উৎসাহিত করলেন

27 এপ্রিল পর্যন্ত চরম আবহাওয়া সচেতনতা সপ্তাহ চলবে

নিউ ইয়র্কের সিটিজেন্স প্রিপেয়ার্ডনেস কোরের মাধ্যমে 380,000 এর বেশি নিউ ইয়র্কবাসী জরুরি ও দুর্যোগ প্রস্তুতির প্রশিক্ষণ লাভ করেছে

আপনার নিকটবর্তী একটি নিউ ইয়র্ক স্টেট সিটিজেন্স প্রিপেয়ার্ডনেস কোর প্রশিক্ষণ খুঁজে নিন এখানে

স্টেটের বিনামূল্যের জরুরি অ্যালার্ট ব্যবস্থা, NY অ্যালার্টের জন্য সাইন আপ করুন

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটে চরম আবহাওয়া সচেতনতা সপ্তাহ (Severe Weather Awareness Week) শুরুর ঘোষণা করলেন এবং চরম আবহাওয়ার জন্য নিজেদের ও নিজেদের গৃহস্থালিকে প্রস্তুত করার পদক্ষেপ গ্রহণের জন্য নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করলেন। গভর্নর নিউ ইয়র্কবাসীকে স্মরণ করিয়ে দিলেন যে প্রস্তুত থাকার সেরা উপায় হলো একটি নিউ ইয়র্ক স্টেট সিটিজেন্স প্রিপেয়ার্ডনেস কোর (New York State Citizens Preparedness Corps, CPC) কোর্স করা এবং চরম আবহাওয়ার সময় নিরাপদ থাকার জন্য ব্যক্তি ও পরিবারের যেসব পদক্ষেপ গ্রহণ করা উচিত সে সম্পর্কে সরাসরি জরুরি ব্যবস্থাপনা অভিজ্ঞদের থেকে জানা। আবহাওয়া এবং সময়মত অন্যান্য জরুরি অ্যালার্টের জন্য নিউ ইয়র্কবাসীর উচিত স্টেটের বিনামূল্যের জরুরি অ্যালার্ট ব্যবস্থা, NY অ্যালার্টের (NY-Alert) জন্য সাইন আপ করা।

"আমরা সেরা সম্ভাবনার আশা করি কিন্তু সম্ভাব্য সবথেকে মন্দ দশার জন্য প্রস্তুত থাকি, এবং প্রস্তুতি কতটা গুরুত্বপূর্ণ তার উপর চরম আবহাওয়া সচেতনতা সপ্তাহ আলোকপাত করে," **গভর্নর হোকল বলেন।** "এইসব নিরাপত্তা পরামর্শ পর্যালোচনা করার জন্য এবং যতটা সম্ভব অনুসরণ করার জন্য আমি সকল নিউ ইয়র্কবাসীকে তাগিদ প্রদান করছি। জীবন রাখার জন্য অবগত থাকা মুখ্য।"

নিউ ইয়র্ক স্টেট সিটিজেন প্রিপারেডনেস কর্পস (CPC) পরিচালিত হয় নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অভ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Homeland Security and Emergency Services, DHSES) এবং নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড (New York National Guard, DMNA) এর মাধ্যমে এবং এটি নিউ ইয়র্কবাসীদের প্রশিক্ষণের জন্য কিভাবে প্রস্তুতি নিতে হবে, জরুরি এবং বিপর্যয়ের সময় প্রতিক্রিয়া জানানো এবং যত তাড়াতাড়ি সম্ভব দুর্যোগের পরবর্তী অবস্থায় কিভাবে পুনরুদ্ধার কাজে দ্রুত সাড়া দেওয়া যায় সে বিষয়ে প্রতিদিন প্রশিক্ষণ দিতে 2014 সালে প্রতিষ্ঠিত হয়েছিল। 2014 সাল থেকে পুরো স্টেটে প্রায় 388,000 নিউ ইয়র্কবাসী কমিউনিটি সেটিংয়ে CPC প্রশিক্ষণ গ্রহণ করেছে।

CPC প্রশিক্ষণের সময়, অংশগ্রহণকারীরা প্রস্তুতির চারটি ধাপ শিখতে পারে যা প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জানা উচিত এবং পরবর্তী দুর্যোগ আঘাত হানার পূর্বে তা পালন করার ব্যবস্থা গ্রহণ করা উচিত।

1. বাড়িতে, স্কুলে, কর্মক্ষেত্রে এবং আউটডোরে আপনার ও আপনার পরিবারের জন্য একটি **পরিকল্পনা করে রাখুন।** আশ্রয় নেওয়ার জন্য একটি নিরাপদ স্থান শনাক্ত করুন এবং সতর্কতা জারি হলে কী পদক্ষেপ নিতে হবে তা জানুন। জরুরী অবস্থার জন্য পরিকল্পনা করার সময় পোষা প্রাণীদের কথা বিবেচনা করুন।
2. কমপক্ষে 10 দিনের জন্য পর্যাপ্ত জরুরি সরবরাহ দিয়ে একটি **কিট তৈরি করুন।** ফ্ল্যাশলাইট, আবহাওয়ার রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি অন্তর্ভুক্ত করুন। আপনার বাড়ি এবং আপনার গাড়ি প্রতিটির জন্য একটি কিট থাকা উচিত। আপনার পরিবারের যে কোনো চিকিৎসাগত প্রয়োজনের জন্য পরিকল্পনা করুন। পোষা প্রাণীদের জন্য জরুরি জিনিসপত্র রাখুন।
3. জরুরি অ্যালার্ট ব্যবস্থার (Emergency Alert System, EAS) বার্তা সম্প্রচার করে এমন **টিভি ও রেডিও স্টেশন চালিয়ে রাখুন** এবং জারি করা হলে স্থানীয় জরুরি আদেশ অনুসরণ করুন। alert.ny.gov এ NY অ্যালার্টের জন্য সাবস্ক্রাইব করে আপনার কম্পিউটার বা সেল ফোনে সরাসরি জরুরি তথ্য পান, এটি একটি বিনামূল্যের সেবা যা আপনার যখন সবথেকে বেশি প্রয়োজন তখন আপনাকে অতি গুরুত্বপূর্ণ জরুরি তথ্য প্রদান করে।
4. নিজেকে ও নিজের পরিবারকে কীভাবে সুরক্ষিত রাখতে হয় সে সম্পর্কে আরো জানার জন্য আপনার **স্থানীয় জরুরি ব্যবস্থাপনা অফিস ভিজিট করুন।** আমেরিকান রেড ক্রস, নিউ ইয়র্ক কেয়ারস অথবা স্যালভেশন আর্মি-এর মতো সংস্থাগুলির সাথে স্বেচ্ছাসেবী করার কথা বিবেচনা করুন।

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "চরম আবহাওয়ার ঘটনায় নিজের পরিবারকে সুরক্ষিত রাখার একটি পরিকল্পনা করার ব্যাপারে এই সপ্তাহ চলাকালে নিউ ইয়র্কবাসীরা একটু সময় দিবে বলে আমি আশা করছি। এটি স্মরণ রাখা ভালো যে নিউ ইয়র্ক বসন্ত ও গ্রীষ্মকালে প্রায়ই আরো বেশি বন্যা ও টর্নেডোর সম্মুখীন হয়, এবং নিউ ইয়র্কবাসীর সতর্ক ও সচেতন থাকা উচিত।"

2023 সালে নিউ ইয়র্ক স্টেটের জন্য সর্বাধিক সংঘটিত আবহাওয়া দুর্যোগ ছিলো ভারী বৃষ্টিপাতের ফলে বন্যার ঘটনা। 9 জুলাই, 2023 তারিখে ধীরগতির বজ্রপাতসহ ঝড়ের ফলে মুষলধারে বর্ষণের কারণে মিড হাডসন অঞ্চল এবং নিউ ইয়র্ক সিটির কিছু অংশে তিন ঘণ্টায় নয় ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাত, এবং 13 এবং 14 জুলাই আরো 3-5 ইঞ্চি বৃষ্টিপাত হয়। গত গ্রীষ্মকালে একটি পৃথক ঘটনায় সেন্ট্রাল নিউ ইয়র্কে আগস্টের শুরুর দিকের ঝড়ের প্রাদুর্ভাবের কারণে কয়েক ঘণ্টার মধ্যে সাতটি টর্নেডো তৈরি হয়।

এই ধরনের চরম আবহাওয়া ঘটনা আরো ঘনঘন সংঘটিত হচ্ছে, তাই আবহাওয়ার ধারা পর্যবেক্ষণ করার পাশাপাশি সম্প্রদায়সমূহকে এবং অবকাঠামোকে ভবিষ্যতের ঝড় এবং অন্যান্য চরম আবহাওয়া ইভেন্ট থেকে সুরক্ষা প্রদান করতে নিউ ইয়র্ক স্টেট অতি গুরুত্বপূর্ণ অংশীদারদের সাথে হাতে হাত মিলিয়ে কাজ করে যাচ্ছে।

2023 সালের ডিসেম্বর মাসে গভর্নর হোকল অ্যালবানির নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটিতে (State University of New York, SUNY) নিউ ইয়র্ক স্টেটের আবহাওয়া ঝুঁকি যোগাযোগ কেন্দ্র (State Weather Risk Communication Center, SWRCC) তৈরির ঘোষণা করেন। কেন্দ্রটি ইউনিভার্সিটির গবেষক এবং স্টেটের জরুরি ব্যবস্থাপকদের মধ্যে একটি এ ধরনের প্রথম অপারেশনাল সহযোগিতা এবং এটি অতি গুরুত্বপূর্ণ আবহাওয়া তথ্যের ক্লিয়ারিং হাউজ হিসেবে কাজ করে। এছাড়াও সম্প্রদায়সমূহকে সুরক্ষিত রাখতে এবং জনগণকে চরম আবহাওয়ার ঝুঁকি সম্পর্কে জানানোর ব্যবস্থা কীভাবে উন্নত করা যায় সেই নিরীক্ষায় সাহায্য করতে জরুরি ব্যবস্থাপকদের অবগত সিদ্ধান্ত গ্রহণে সাহায্যের জন্য ব্যবস্থা গঠন করতেও এটি কাজ করে।

SWRCC এর পরিচালক নিক ব্যাসিল, পিএইচডি বলেন, "নতুন আবহাওয়া সরঞ্জাম ও যোগাযোগ কৌশল তৈরির মাধ্যমে স্টেটে আমাদের জরুরি ব্যবস্থাপনা অংশীদারদের মিশনে অবদান রাখতে পেরে নিউ ইয়র্ক স্টেটের আবহাওয়া ঝুঁকি যোগাযোগ কেন্দ্র গর্বিত। এই সরঞ্জামসমূহ নিউ ইয়র্কের জন্য অনন্য আবহাওয়া ডেটার বিশাল ভাণ্ডার, যেমন NYS মেসোনেটের ডেটা এবং সেই সাথে বাস্তব সময়ে বন্যা হতে পারে এমন এলাকাকে চিহ্নিত করতে স্থানীয় অবকাঠামোর ডেটাকে কাজে লাগায়। এই চরম আবহাওয়ার মৌসুম চলাকালে প্রস্তুতি উন্নত করতে এবং প্রভাবশালী আবহাওয়ার ইভেন্টের সাড়াদান করতে আমরা আমাদের জরুরি ব্যবস্থাপনা অংশীদারদের সাথে নিবিড়ভাবে কাজ করবো।"

এছাড়াও নিউ ইয়র্ক স্টেট নিবিড়ভাবে জাতীয় আবহাওয়া সেবার (National Weather Service, NWS) সাথে কাজ করছে যারা নিউ ইয়র্ক স্টেট এবং পুরো দেশে জীবন ও সম্পত্তি রক্ষা করতে সাহায্য করার জন্য আবহাওয়া, পানি ও জলবায়ু ডেটা, পূর্বাভাস, সতর্কতা, এবং অন্যান্য সমর্থন সেবা প্রদান করে থাকে। NWS অ্যালবানি পূর্বাভাস অফিস হলো নিউ ইয়র্ক স্টেটের মূল অফিস এবং বাফেলো, বিংহ্যামটন, আপটাউন, এবং বার্লিংটন, VT তে অতিরিক্ত সমর্থক অফিস রয়েছে।

NWS এর প্রধান মেটোরোলজিস্ট ক্রিস্টোফার গিটরো বলেন, "নিউ ইয়র্ক স্টেটে বজ্রপাতসহ ঝড়ের কারণে সকল ধরনের চরম আবহাওয়ার তৈরি হয়, যেমন জোরালো বাতাস এবং বড় শিলা থেকে শুরু করে হঠাৎ বন্যা ও কোনো সময় টর্নেডো হয়ে থাকে। মনে রাখবেন যে এলাকায় বজ্রপাতসহ ঝড় হতে থাকলে বাইরের কোনো স্থানই নিরাপদ নয়। আপনি যদি

বজ্রপাতের শব্দ শুনতে পান, তাহলে আপনি বিদ্যুৎপৃষ্টও হতে পারেন। সর্বশেষ পূর্বাভাস এবং বিপজ্জনক আবহাওয়ার আউটলুক www.weather.govএ পর্যবেক্ষণ করার মাধ্যমে বজ্রপাতসহ ঝড় এবং চরম আবহাওয়ার সম্ভাবনার জন্য সতর্ক থাকুন।"

পুরো স্টেটের আবহাওয়া এবং অন্যান্য জরুরি বা দুর্যোগ সম্পর্কিত ঘটনার পর্যবেক্ষণের জন্য নিউ ইয়র্ক স্টেট জরুরি ব্যবস্থাপনা অফিস (New York State Office of Emergency Management) এবং এর ওয়াচ সেন্টারে সারা বছর কর্মী নিযুক্ত থাকে।জরুরি সাড়াদানকারী এবং জনগণকে সম্ভাব্য চরম আবহাওয়া এবং কীভাবে প্রস্তুত হতে হবে সে সম্পর্কে সঠিক ও সময়মতো তথ্য প্রদানের জন্য তারা NWS এবং SWRCC সহ স্থানীয়, স্টেট, এবং ফেডারেল সরকারের সত্তাসমূহের সাথে কাজ করে।

তীব্র আবহাওয়ার নিরাপত্তা পরামর্শ

হঠাৎ বন্যা

- বন্যায় ডুবে যাওয়া রাস্তা দিয়ে গাড়ি চালিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান।
- যদি আপনার গাড়ির চারপাশে দ্রুত পানি বাড়তে থাকে, তাহলে অবিলম্বে যান পরিত্যাগ করুন।
- দ্রুত গতিতে বয়ে চলা পানির ক্ষমতাকে অগ্রাহ্য করবেন না। দ্রুত গতিতে বয়ে চলা দুই ফুট উচ্চতার পানিতে আপনার গাড়ি ভাসিয়ে নিবে এবং দুই মাইল বেগে বয়ে চলা পানি আপনার গাড়িকে রাস্তা বা ব্রিজ থেকে টেনে নিয়ে যাবে।

বজ্রপাতসহ ঝড়

- একটি নজরদারি ও সতর্কতার মধ্যে পার্থক্য জানুন। নজরদারির অর্থ হলো ঝড় সম্ভব কিন্তু একটি সতর্কতার অর্থ হলো চরম ঝড় দেখা গিয়েছে এবং দ্রুত আপনার এলাকার উপর দিয়ে অতিক্রম করবে বলে আশঙ্কা করা যাচ্ছে।
- আপনি যদি বজ্রপাত শুনতে পান, তাহলে আপনি বিদ্যুৎপৃষ্ট হওয়ার মতো ঝড়ের নিকটে রয়েছেন।অবিলম্বে একটি মজবুত ভবনের মতো নিরাপদ আশ্রয়কেন্দ্রে যান। যদি মজবুত আশ্রয়কেন্দ্র উপলভ্য না থাকে, তাহলে ভারী ছাদের অটোমোবাইলের ভেতরে যান এবং জানালা বন্ধ রাখুন।
- নৌকা থেকে নামুন এবং পানি থেকে দূরে থাকুন।
- টেলিফোনের লাইন এবং ধাতব পাইপ বিদ্যুৎ পরিবাহী হতে পারে। আবহাওয়া সংক্রান্ত তথ্য জানার জন্য প্রয়োজন নয় এমন অ্যাপ্লায়েন্সগুলি আনপ্লাগ করুন। টেলিফোন বা কোনও ইলেক্ট্রিকাল ডিভাইস ব্যবহার করবেন না। শুধু জরুরি অবস্থায় ফোন ব্যবহার করুন।
- বাথটাব বা ঝর্ণায় গোসল করবেন না।

- এয়ার কন্ডিশনার বন্ধ রাখুন, বজ্রবিদ্যুৎ থেকে আসা অধিক বিদ্যুৎ কম্প্রেসারকে ওভারলোড করতে পারে।
- হঠাৎ বন্যা বা বন্যা সম্ভব হলে উঁচু স্থানে যান।
- নিরাপদ স্থানে গাড়ি চালিয়ে যাওয়ার চেষ্টা করবেন না, অটোমোবাইলেই সবথেকে বেশি হঠাৎ বন্যায় মৃত্যু হয়।
- ঘরের বাইরে থাকলে, গাছ, বেড়া, এবং খুঁটি থেকে দূরে একটি নিচু স্থান খুঁজে নিন।
- আপনি যদি বনে থাকেন তাহলে একটি খাটো গাছের নিচে আশ্রয় নিন।
- আপনি যদি আপনার ত্বকে শিহরণ অনুভব করেন বা আপনার লোম খাড়া হয়ে যায়, তাহলে মাটিতে আপনার পায়ের পাতার গোড়া মাটিতে রেখে উবু হয়ে বসুন; আপনার হাত হাঁটুতে রাখুন এবং আপনার মাথা তার মাঝখানে রাখুন; নিজেদের যত ছোট লক্ষ্য করা যায় করে ফেলুন; এবং মাটির সাথে আপনার সংস্পর্শ সর্বনিম্ন করুন।

বজ্রপাত

- 30-30 নিয়ম অনুসরণ করুন: যদি আপনার বিদ্যুৎ চমকাতে দেখার এবং বজ্রপাতের শব্দ শোনার মধ্যকার সময়ের ব্যবধান 30 সেকেন্ড বা তার কম হয় তাহলে সেই বজ্রপাত আপনাকে আঘাত করার মতো কাছাকাছি দূরত্বে রয়েছে। অবিলম্বে আশ্রয় গ্রহণ করুন। শেষ বিদ্যুৎ চমকানোর পর, আপনার আশ্রয় ত্যাগ করার পূর্বে 30 মিনিট অপেক্ষা করুন।
- বজ্রপাত সবথেকে লম্বা বস্তুকে আঘাত করে। আপনি যদি একটি গাছের লাইনের উপরে থাকেন, দ্রুত তার নিচে যান এবং আপনি একটি খোলা স্থানে থাকলে নিচু হয়ে বসুন।
- আপনি যদি একটি আশ্রয়কেন্দ্রে না যেতে পারেন, গাছ থেকে দূরে থাকুন। কোনও আশ্রয় না থাকলে, খোলা স্থানে নিচু হয়ে বসুন, কোনও গাছ যত লম্বা তার দ্বিগুণ দূরে থাকুন।

ঘূর্ণিঝড়

- ঘরের বাইরে থাকা অবস্থায় ঘূর্ণিঝড় সতর্কতা জারি হলে, অবিলম্বে আশ্রয় খুঁজুন। যদি কাছাকাছি কোনও আশ্রয় না থাকে তবে আপনার হাত দিয়ে আপনার মাথা ঢেকে একটি খাদ বা নিচু স্থানে লম্বা হয়ে শুয়ে পড়ুন।
- বাড়িতে বা ছোট কোনও ভবনে থাকলে, বেজমেন্ট বা ভবনের নিচ তলার ভেতরের একটি কক্ষে যান। জানালা থেকে দূরে থাকুন। আলমারি, বাথরুম, এবং অন্যান্য অভ্যন্তরীণ কক্ষগুলি সর্বোত্তম সুরক্ষা সরবরাহ করে। মজবুত কিছুর নিচে যান বা নিজেকে একটি গদি দিয়ে ঢেকে রাখুন।
- স্কুল, হাসপাতাল, বা শপিং সেন্টারে থাকলে, পূর্বে নির্ধারিত আশ্রয় এলাকায় যান। বড় খোলা এলাকা এবং জানালা থেকে দূরে থাকুন। বাইরে আপনার গাড়ির কাছে যাবেন না।
- একটি উঁচু ভবনে, সম্ভাব্য সর্বনিম্ন তলার একটি অভ্যন্তরীণ ছোট কক্ষ বা হলওয়েতে যান। এলিভেটর ব্যবহার করবেন না - সিঁড়ি ব্যবহার করুন।

দুর্যোগের সরবরাহ

দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:

- ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
- জরুরি খাদ্য এবং পানি
- অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অপরিহার্য ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

ব্যক্তিগত প্রস্তুতি জন্য এবং তীব্র আবহাওয়ায় কীভাবে নিরাপদ থাকতে হয় সেই সম্পর্কে আরও তথ্যের জন্য, এখানে যান: https://www.dhses.gov/safety। X, ফেসবুক, এবং ইনস্টাগ্রামসহ সোশ্যাল মিডিয়া চ্যানেলগুলিতে @NYSDHSES কে ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন